

# Visit of Minister of State for External Affairs, Shri V. Muraleedharan to the USA (May 17-24, 2022)

May 16, 2022

## পররাষ্ট্র প্রতিমন্ত্রী শ্রী ভি মুরলীধরনের মার্কিন যুক্তরাষ্ট্রে সফর (মে 17-24, 2022)

মে 16, 2022

নিউ ইয়র্কে 17 ই মে থেকে 20 মে 2022 -এ রাষ্ট্র সঙ্ঘের সাধারণ পরিষদের পৃষ্ঠপোষকতায় অনুষ্ঠিতব্য প্রথম ইন্টারন্যাশনাল মাইগ্রেশন রিভিউ ফোরাম(আইএমআরএফ)-এ ভারতীয় প্রতিনিধি দলের নেতৃত্ব দেবেন পররাষ্ট্র ও সংসদ বিষয়ক প্রতিমন্ত্রী শ্রী ভি মুরলীধরন(এমওএস ভিএম)।

ইন্টারন্যাশনাল মাইগ্রেশন রিভিউ ফোরামটি, অভিবাসন সংক্রান্ত সমস্ত দিকের এবং টেকসই উন্নয়নের লক্ষ্যে এর সংযোগের অগ্রগতি নিয়ে আলোচনা ও বিনিময়ের একটি বৈশ্বিক মঞ্চ হিসেবে কাজ করবে। এটি চারটি ইন্টার অ্যাক্টিভ মাল্টি-স্টেকহোল্ডার গোলটেবিল, একটি নীতি সংলাপ এবং পূর্ণাঙ্গ অধিবেশন নিয়ে গঠিত হবে।এটি আকটি অগ্রগতি বিবৃতির ফল প্রদান করবে।

প্রতিমন্ত্রী শ্রী ভি মুরলীধরন, আইএমআরএফ-এর পূর্ণাঙ্গ অধিবেশনে একটি সরকারি বিবৃতি প্রদান করবেন। আশা করা যাচ্ছে যে, নিউ ইয়র্কে এমওএস ভিএম, সাধারণ পরিষদের সভাপতি হিজ এক্সেলেন্সি জনাব আবদুল্লা শাহিদ এবং ইন্টারন্যাশনাল অর্গানাইজেশন ফর মাইগ্রেশনের মহা নির্দেশকের সাথে সাক্ষাৎ করবেন।

এমওএস ভিএম, "গ্লোবাল ফুড সিকিউরিটি-কল টু অ্যাকশন" শীর্ষক একটি উচ্চপর্যায়ের মন্ত্রিস্তরীয় বৈঠকেও অংশগ্রহণ করবেন এবং " আন্তর্জাতিক শান্তি ও সুরক্ষা বজায় রাখা: সংঘাত এবং খাদ্য সুরক্ষা" শীর্ষক রাষ্ট্রসংঘের নিরাপত্তা পরিষদের উন্মুক্ত বিতর্কে বক্তব্য রাখবেন।

এমওএস ভিএম, নিউ ইয়র্ক, লস অ্যাঞ্জেলেস এবং হাটসনে প্রবাসী ভারতীয়দের এক বৃহৎ অংশের সাথেও সাক্ষাৎ করবেন, যার মধ্যে গোষ্ঠী কল্যাণ, ব্যবসায়, স্বাস্থ্য, সংস্কৃতি ও শিক্ষার সাথে জড়িত ব্যক্তির অন্তর্ভুক্ত থাকবেন।

নিউ দিল্লি

মে 16, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.